


W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 119 /WBHRC/SMC/2018


Date: 27.09.2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika,' a Bengali daily dated 27.09.2018, the news item is captioned 'বিদ্যুৎস্পর্শে মৃত্যু, নালিশ গাফিলতির'.


Chairman, West Bengal State Electricity Distribution Copmpany Ltd., is directed to look into the matter and to furnish a report by 30th October, 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

বিদ্যুৎস্পর্শে মৃত্যু, নালিশ গাফিলতির

নিজস্ব সংবাদদাতা

বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় বিদ্যুৎ দফতরের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ উঠল পূর্ব মেদিনীপুরে। পুলিশ সূত্রের খবর, মঙ্গলবার বিকেলে পটাশপুর-১ ব্লকের তালছিটকিনি গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হয় দীপালি বর্মনের (৪৫)। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বিদ্যুতের খুঁটি থেকে তার ছিঁড়ে পড়েছিল মাঠে। ওই মাঠে ঘাস কাটছিলেন দীপালি। আচমকা ছেঁড়া তারের সংস্পর্শে এসে বিদ্যুৎস্পৃষ্ট হন তিনি। তাঁকে পটাশপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করানো হয়। রাতে সেখানে তিনি মারা যান। দীপালিদেবীর পরিবারের অভিযোগ, বিদ্যুৎ দফতরের লোকজন ঠিকমত লাইন মেরামতি করলে এই বিপদ হত না। পটাশপুর বিদ্যুৎ দফতরের স্টেশন ম্যানেজার সৌরভ কুমার বলেন, “আমাদের কাছে তালছিটকিনি গ্রামে তার ছেঁড়া কিংবা সেই ছেঁড়া তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মহিলার মৃত্যু হওয়ার কোনও খবর নেই। তবে বিষয়টি খোঁজ নিয়ে দেখছি।”